



## ডিস্ট্রিক্ট এন.আর.ই.জি.এ. সেল, কৃষ্ণনগর, নদীয়া

### ১০০ দিনের কাজের কিছু কথা :-

- ☉ এন.আর.ই.জি.এ. এমনই একটি প্রকল্প যেখানে সরকার আপনার জন্য বছরে ১০০ দিনের কাজ সুনিশ্চিত করেছে।
- ☉ এন.আর.ই.জি.এ. প্রকল্পের অধীনে ১০০ দিনের কাজ পাবার জন্য স্থানীয় গ্রাম পঞ্চায়েতে যোগাযোগ করুন ও আপনার নাম নথীভুক্ত করুন।
- ☉ আপনার জব কার্ডটি আপনার পরিবারের সম্পত্তি।
- ☉ আপনার জব কার্ডটি আপনার কাছেই রাখুন।
- ☉ স্বেচ্ছায় বা কারো প্ররোচনায় জব কার্ডটি কারো কাছে রাখতে দিবেন না।
- ☉ আপনার কাজের প্রয়োজন হলেই স্থানীয় গ্রাম পঞ্চায়েত থেকে ৪ক ফর্ম চেয়ে নিন ও ফর্ম পূরণ করে জমা দিয়ে কাজ চান। ৪ক জমা দেবার তারিখসহ রশিদ চেয়ে নিন। এন.আর.ই.জি.এ. প্রকল্পের কাজ সংক্রান্ত কোনো সমস্যা থাকলে সংশ্লিষ্ট ব্লকে যোগাযোগ করুন।
- ☉ ৪ক নেওয়ার সময় কোনো পয়সা দিতে হয়না।
- ☉ যে তারিখ থেকে কাজ চাওয়া হয়েছে তার ১৫ দিনের মধ্যেই আপনি কাজ পাবেন।
- ☉ ১৫ দিনের মধ্যে কাজ না দিলে আপনি বেকার ভাতা পেতে পারেন।
  - গ্রাম পঞ্চায়েত কাজ বরাদ্দ করার ১৫ দিনের মধ্যে কাজে যোগদান না করলে বেকারভাতা পাওয়া যাবে না।
  - গ্রাম পঞ্চায়েতের অনুমোদন ছাড়া মাসে একটানা ৭ দিনের বেশী কাজে অনুপস্থিত থাকলে আপনি বেকার ভাতা পাবেন না।
- ☉ একমাত্র পোস্ট অফিস/ ব্যাঙ্ক বা স্বীকৃত সমবায় সমিতির মাধ্যমেই মজুরী পাবেন।